

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭১৭

বিশ্রামগঞ্জ, ২৯ জানুয়ারি, ২০২৪

**সিপাহীজলা জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী উদযাপন**

বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে আজ সিপাহীজলা জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। তপশিলিজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, অদ্বৈত মল্লবর্মণ পিছিয়েপড়া অংশের মানুষের শিক্ষা ও সংস্কৃতির বিকাশে বিশেষ অবদান রেখেছেন। তাঁর লেখনি আজও সমাজে সমাদৃত। অনুষ্ঠানে অদ্বৈত মল্লবর্মণের জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন সোনামুড়ার কবি কাজী নজরুল মহাবিদ্যালয়ের সহ অধ্যাপক ড. তুহিনা মন্ডল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তপশিলিজাতি কল্যাণ দপ্তরের জেলা উন্নয়ন আধিকারিক প্রসেনজিৎ বন্দোপাধ্যায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনভোগ ব্লকের তপশিলি জাতি স্থায়ী কমিটির চেয়ারম্যান জীতেন্দ্র দাস, নলছড় ব্লকের তপশিলি জাতি স্থায়ী কমিটির চেয়ারম্যান স্বপন দাস, বিশিষ্ট সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য প্রমুখ।

\*\*\*\*\*